রাজনীতিতে গ্রহণযোগ্য মানুষদের সম্পৃক্ত করতে হবে: আন্দালিব রহমান



সংগৃহীত ছবি

ভোলা-১ আসনে জোটের প্রার্থী ও বিজেপি চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিব রহমান পার্থ বলেছেন, দীর্ঘ অস্থিরতা কাটিয়ে রাজনীতিতে শৃঙ্খলা ও ইতিবাচক পরিবেশ ফিরিয়ে আনতে হলে সমাজে সম্মানিত ও গ্রহণযোগ্য ব্যক্তিদের রাজনীতিতে যুক্ত করা জরুরি। এতে রাজনীতির মান বাড়বে এবং জনআস্থা তৈরি হবে।

শনিবার (২৪ জানুয়ারি) বিকেলে ভোলা সদরে প্রচারণাকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এদিন জোটের প্রার্থী হিসেবে প্রথমবার ভোলায় এসে দলীয় নেতা-কর্মীদের নিয়ে গণসংযোগ, সংবর্ধনা ও প্রচারণায় অংশ নেন তিনি।

পার্থ বলেন, মানুষের স্বস্তি নিশ্চিত করতে চাঁদাবাজি ও মাদকের বিরুদ্ধে সামাজিকভাবে উদ্যোগ নিতে হবে। ভোলার উন্নয়নে ভোলা-বরিশাল সেতু নির্মাণ, মেডিকেল কলেজ স্থাপন এবং ঘরে ঘরে গ্যাস সুবিধা পৌঁছে দেওয়ার পরিকল্পনার কথাও তিনি তুলে ধরেন।

এর আগে দুপুরে ঢাকা থেকে ভোলায় পৌঁছালে খেয়াঘাট এলাকায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তাকে শুভেচ্ছা জানান। সড়কের দুই পাশে দাঁড়িয়ে কর্মী-সমর্থকেরা তাকে স্বাগত জানান।

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোলা-১ (সদর) আসনে বিজেপি, জামায়াত ও ইসলামী আন্দোলন বাংলাদেশসহ মোট সাতজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।